কবিতা/গল্প প্রকাশ



নিজস্ব লেখা "কবিতা/গল্প" সংবাদপত্রে প্রকাশিত করতে - ৯০৬২৮৬৭৯২১



হাওড়া থেকে প্রকাশিত দৈনিক

# এই যুগ
# EI YUG

ইন্টারনেট সংস্করণ- eiyug.in RNI: WBBEN/2020/81746



হলি ডে হোম বুকিং



দর্শনীয় ভ্রমণের জায়গা-
হোটেল :- তারাপীঠ, দিঘা ,পুরী।
বাগান বাড়ি :- খেজুরি-পূর্ব মেদিনীপুর।
বুকিং এর জন্য যোগাযোগ করুন
"এই যুগ" অফিসে।
ফোন নং: 9062867921।



PAGE | পৃষ্ঠা- 4 [ PRICE | মূল্য - 2 ]

HOWRAH | হাওড়া ● DAILY | দৈনিক ● 6 FEBRUARY 2026 ,FRIDAY | ৬ ফেব্রুয়ারি ২০২৬ ,শুক্রবার ● VOLUME | বর্ষ-6 ● ISSUE | সংখ্যা-67


## নির্বাচনের প্রাক্কালে রাজ্য বাজেটে কল্পতরু রাজ্য সরকার

### মমতাময়ী মুখ্যমন্ত্রীর ভাবনায় মুখে হাসি ফুটেছে মা বোনদের পাশাপাশি যুবকদের



এই যুগ, কলকাতা, ৫ ফেব্রুয়ারি : রাজ্যের বিধানসভা নির্বাচনের প্রাক্কালে ১৩১ পাতার চার লক্ষ কোটি টাকার বাজেটে আবারও কল্পতরু রাজ্য সরকার। বহু প্রতীক্ষিত ডিএ থেকে 'লক্ষ্মীর ভাণ্ডার', খেতমজুর থেকে যুবকদের জন্য নয়া ভাটা দিয়ে মন জয় করলো সাধারণ মানুষের। এছাড়াও বাজেটে আলাদা করে উল্লেখ রইল গিগ ওয়ার্কারদেরও জন্য ও। রাজ্যের মমতাময়ী মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের ভাবনায় এই বাজেটে পেনশনভোগী থেকে দিনমজুররাও লাভবান হলেন ।আজ রাজ্য বাজেটের পর সাংবাদিকদের মুখোমুখি হয়ে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় বলেন , প্রকল্পের তালিকায় জুড়েছে আরও বেশ কিছু প্রকল্প, তাতেই রাজ্যে হয়েছে প্রকল্পের 'সেঞ্চুরি'। বাজেটে রাজ্যের সরকারি কর্মচারীদের আরও চার শতাংশ DA বাড়ায় ,রাজ্যের সরকারি কর্মচারীদের মুখে হাসি ফুটেছে। নতুন অর্থবর্ষ ১ এপ্রিল থেকে তাঁরা ১৮ শতাংশের পরিবর্তে ২২ শতাংশ ডিএ পাবে। 'লক্ষ্মীর ভাণ্ডার'-এ ভাতা অতিরিক্ত ৫০০ টাকা বাড়ানোর কথা ঘোষণায় হাসি ফুটেছে মুখে মহিলাদের। যে মহিলারা আগে ১০০০ টাকা আর্থিক সাহায্য পেতেন, তাঁরা এ বার ১৫০০ টাকা পাবেন। তফসিলি জাতি, জনজাতি এবং পিছিয়ে পড়া সম্প্রদায়ের মহিলারা এই প্রকল্পে ১৭০০ টাকা আর্থিক সাহায্য পাবেন। এছাড়াও রাজ্য বাজেটে প্যারা-টিচার এবং শিক্ষাবন্ধুদের জন্যেও ভাতা ১,০০০ টাকা বৃদ্ধির ঘোষণা বাজেটে। কর্মরত অবস্থায় প্যারা-টিচার, শিক্ষাবন্ধুদের কেউ প্রাণ হারালে তাঁর পরিবারকেও ৫ লক্ষ টাকা আর্থিক সাহায্য দেওয়া হবে।রাজ্যের সিভিক ভলান্টিয়ার, গ্রিন পুলিশ ও ভিলেজ পুলিশদের জন্যেও আগামী অর্থবর্ষ থেকে মাসিক বেতন ১,০০০ টাকা করে বাড়বে। কর্তব্যরত অবস্থায় প্রাণ হারালে সংশ্লিষ্ট কর্মীর পরিবারকে আর্থিক সহায়তা স্বরূপ পাঁচ লক্ষ টাকা দেবে সরকার ,আগে ছিল ৩ লক্ষ টাকা। তরুণ-যুবদের জন্য রাজ্য বাজেটে এ দিন 'বাংলার যুবসাথী' নামে নয়া প্রকল্পের ঘোষণা করেছে সরকার। মাধ্যমিক পাশ বেকার যুবক-যুবতীরা এই প্রকল্পে সর্বোচ্চ পাঁচ বছর পর্যন্ত প্রতি মাসে ১,৫০০ টাকা করে ভাতা পাবেন। ২১ থেকে ৪০ বছর বয়স্করাই এই ভাতা পাবেন।

## গাঁজা সহ গ্রেপ্তার বিহারের যুবক



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, শিলিগুড়ি, ৫ ফেব্রুয়ারি : শিলিগুরী পুলিশ কমিশনারেটের প্রধাননগর থানার পুলিশ বুধবার সন্ধ্যায় থানা এলাকার জংশন এলাকায় এক যুবককে আটক করে তল্লাশী চালায়। তল্লাশীতে যুবকের হেফাজত থেকে উদ্ধার হয় গাঁজা ভর্তি তিনটি ব্যাগ। ব্যাগ থেকে পাওয়া যায় ২২.১২কেজি গাঁজা। জানা গেছে বুধবার সন্ধ্যায় গোপন সুত্রে খবর পেয়ে প্রধাননগর থানার পুলিশ সাদা পোষাকে অভিযান চালায়। উদ্ধার করা গাঁজা বাজেয়াপ্ত করে আটক যুবককে গ্রেপ্তার করা হয়। যুবকের নাম নিখিল কুমার, বিহারের খারামপুরের বাসিন্দা। পুলিশ সূত্রে জানানো হয় সমস্ত প্রক্রিয়াটি এন ডি পি এস আইনের নির্দেশিকা মেনে সম্পন্ন করা হয়েছে। ধৃত যুবকের বিরুদ্ধে এন ডি পি এস আইনের নির্দিষ্ট ধারায় মামলা রুজু করে বৃহস্পতিবার শিলিগুড়ি আদালতে তোলা হয়েছে। পুলিশ পরবর্তী পর্যায়ের তদন্ত শুরু করেছে।

## চায়ে পে চর্চায় মালদহে বিজেপি নেতা দিলীপ ঘোষ



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, মালদহ, ৫ ফেব্রুয়ারি : বিজেপি নেতা দিলীপ ঘোষ দলীয় কার্যক্রমে অংশ নিতে মালদহে আসেন বুধবার। বৃহস্পতিবার সকালে তিনি মালদহ শহরের সুকান্ত মোড়ে চা চক্রে যোগ দেন। আসন্ন বিধানসভা নির্বাচনে প্রার্থী হবেন কিনা সে বিষয়ে তিনি জানান দল বললে প্রার্থী হবেন, দল বসতে বললে বসবেন, দল দৌড়াতে বললে দৌড়াবেন। পশ্চিমবঙ্গের বাজেট সম্পর্কে বলেন এটা শুধু দান ধ্যানের বাজেট। ভিক্ষার টাকায় রাজ্য চলছে এর বেশী আর কিছু আশা এই সরকারের বাজেট থেকে আশা করা যায়না। এদিন দিলীপ ঘোষের সাথে চা য়ে পে চর্চায় উপস্থিত ছিলেন বিজেপির জেলা কার্যকর্তাগন।

## অবৈধ মদ তৈরি ও বিক্রির বিরুদ্ধে অভিযান





সুকুমার রঞ্জন সরকার, এই যুগ, আলিপুরদুয়ার, ৫ ফেব্রুয়ারি : আলিপুরদুয়ার জেলা পুলিশের কালচিনি থানার পুলিশ ও বেঙ্গল এক্সাইজ এর কালচিনি সার্কেলের ওসি সহ কর্মীরা বৃহস্পতিবার সকালে কালচিনি ব্লকের বিভিন্ন গ্রামে অবৈধ চোলাই মদ তৈরি ও বিক্রির বিরুদ্ধে অভিযান চালান। অভিযানে উদ্ধার হয় সত্তর লিটার অবৈধ চোলাই মদ, দুহাজার পাঁচশো লিটার ফার্মেন্টেড ওয়াশ বা চোলাই মদ তৈরির গ্যাঁজানো উপকরণ, মদ তৈরির সরঞ্জাম,ও বাসনপত্র। উদ্ধার করা চোলাই মদ ও ফার্মেন্টেড ওয়াশ নষ্ট করে দেওয়া হয়েছে। অন্যান্য উপকরণ বাজেয়াপ্ত করা হয়েছে। তিন জনকে গ্রেপ্তার করা হয়েছে। তাদের বিরুদ্ধে নির্দিষ্ট আইনী ধারায় মামলা রুজু করে বৃহস্পতিবার আলিপুরদুয়ার জেলা আদালতে পাঠানো হয়েছে। পুলিশ ও আবগারি দপ্তর সূত্রে জানানো হয়েছে জেলা জুড়ে মদো মাদকের বিরুদ্ধে অভিযান চালানো হচ্ছে, এই অভিযান চলবে।

# নদীর জলে পড়ে মৃত ব্যক্তির ময়না তদন্ত হলো




মলয় দেবনাথ ,এই যুগ, আলিপুরদুয়ার ,৫ ফেব্রুয়ারি : আলিপুরদুয়ার জেলা হাসপাতালের মর্গে ময়না তদন্তের পর বড় চৌকির বস এলাকার বাসিন্দা পবিত্র রায়ের মৃতদেহ পরিবারের হাতে তুলে দিল শামুকতলা থানার পুলিশ বৃহস্পতিবার বিকেল সাড়ে চারটা নাগাদ। বুধবার তার মৃত্যু হয়েছে রায়ডাক এক নম্বর নদীতে জলে পড়ে। বুধবার সকালে জঙ্গলে জ্বালানি কাঠ সংগ্রহ করতে গিয়েছিলেন। জ্বালানি কাঠ সংগ্রহ করে ফেরার পথে নদীতে পড়ে যান জ্বালানি কাঠ নিয়ে। আর সেই কাঠের নীচেই তার মৃত্যু হয়। বুধবার রাতে তার মৃতদেহ উদ্ধার করে পুলিশ এর পরেই বৃহস্পতিবার তার মৃতদেহ ময়না তদন্তের পর পরিবারের হাতে তুলে দেওয়া হয়।

# ফালাকাটায় পথ দুর্ঘটনায় মৃত্যু যুবকের



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৫ ফেব্রুয়ারি : পথ দুর্ঘটনায় মৃত্যু হয়েছে এক যুবকের । বুধবার রাত সাড়ে তিনটা নাগাদ ফালাকাটা আলিপুরদুয়ার সড়কের পাশে এক যুবককে পড়ে থাকতে দেখে ফালাকাটা থানার পুলিশ। তাকে উদ্ধার করে ফালাকাটা হাসপাতালে নিয়ে গেলে চিকিৎসক তাকে মৃত বলে ঘোষণা করে। পুলিশ সূত্রে জানা গেছে তার নাম সুনীল মুন্ডা বয়স ত্রিশ বছর। জানা গেছে ওই যুবক অনেকটাই মানসিক ভারসাম্যহীন ছিল। ময়না তদন্তের জন্য আলিপুরদুয়ার জেলা হাসপাতালে মাকে পাঠানো হয়েছে মৃতদেহ এবং একটি অস্বাভাবিক মৃত্যুর মামলা শুরু করা হয়েছে ফালাকাটা পুলিশের পক্ষ থেকে।

# ১৯ বছরের তরুণী গ্রেফতার নাবালককে বিয়ে করায়




মলয় দেবনাথ ,এই যুগ, আলিপুরদুয়ার ,৫ ফেব্রুয়ারি : নাবালিকাকে বিয়ে করার অপরাধে যুবককে জেলে যাওয়ার ঘটনা অনবরত ঘটে। এবার ব্যতিক্রমী ঘটনা ঘটে গেল আলিপুরদুয়ার জেলার ফালাকাটায়। আলিপুরদুয়ার জেলার ফালাকাটা শহরে নাবালককে বিয়ে করার অভিযোগে ১৯ বছরের এক তরুণীকে গ্রেপ্তার করেছে পুলিশ। শিশু বিবাহ প্রতিরোধ আইনের আওতায় এই গ্রেপ্তার করা হয়েছে।পুলিশ সূত্রে জানা গেছে, ওই তরুণীর সঙ্গে ১৭ বছরের এক নাবালক ছেলের প্রেমের সম্পর্ক ছিল। বুধবার তারা বিয়ে করে একসঙ্গে বসবাসের সিদ্ধান্ত নেয়। সেই সিদ্ধান্ত অনুযায়ী নাবালক ছেলেটি তরুণীর সিঁথিতে সিঁদুর পরিয়ে বিয়ের প্রতীকী অনুষ্ঠান সম্পন্ন করে। স্থানীয় প্রশাসনকে না জানিয়ে গোপনে এই বিয়ে হয়।কিন্তু বিষয়টি প্রকাশ্যে আসে যখন স্থানীয় বাসিন্দারা দু'জনের বয়সের পার্থক্যের কথা জানতে পেরে জেলা চাইল্ডলাইনে খবর দেন। অভিযোগ পেয়েই চাইল্ডলাইন কর্তৃপক্ষ ফালাকাটা থানায় বিষয়টি জানায়।এদিকে, মেয়ের ভবিষ্যৎ নিয়ে উদ্বিগ্ন হয়ে তরুণীর বাবা তাকে ছেলেটির বাড়িতে নিয়ে যান। নাবালকের পরিবারও প্রথমে এই বিয়ে মেনে নিতে রাজি ছিল। তবে চাইল্ডলাইনের হস্তক্ষেপের পর পুলিশ ঘটনায় নেমে আইনগত ব্যবস্থা গ্রহণ করে।নাবালককে বিয়ে করার অভিযোগে শিশুবিবাহ প্রতিরোধ আইনের ধারায় ওই তরুণীকে গ্রেপ্তার করা হয়। নাবালক বরকে কাউন্সেলিং ও পরিচর্যার জন্য জেলা চাইল্ডলাইন হোমে রাখা হয়েছে বলে পুলিশ জানিয়েছে।গ্রেপ্তারের পরও তরুণী অনুতপ্ত নন বলে জানা গেছে। তিনি বলেন, ছেলেটি সাবালক হলে তিনি আবার সম্পর্ক চালিয়ে যাবেন।ফালাকাটা থানার ওসি প্রশান্ত বিশ্বাস বলেন, “আমার সম্পূর্ণ চাকরি জীবনে এমন ঘটনা আগে কখনও দেখিনি। সংশ্লিষ্ট আইনের ধারায় তরুণীর বিরুদ্ধে মামলা রুজু করা হয়েছে।”

# ট্রাক্টর চালকের দৌরাত্ম্যে মৃত্যু হল বাইক চালকের



মলয় দেবনাথ ,এই যুগ ,আলিপুরদুয়ার ,৫ ফেব্রুয়ারি : এক আদিবাসী ব্যক্তির মৃত্যুর ঘটনায় ব্যাপক চাঞ্চল্য ছড়িয়েছে শামুকতলা থানার হাতি পোঁতা এলাকায়। বাইক চালকের সঙ্গে ট্রাক্টরের মুখোমুখি সংঘর্ষে মৃত্যু হয়েছে এক ব্যক্তির অপর ব্যক্তি মৃত্যুর সঙ্গে পাঞ্জা লড়ছে আলিপুরদুয়ার জেলা হাসপাতালে। দুর্ঘটনাটি ঘটেছে বুধবার রাতে। হাতিপোতা এলাকায় ১২ নম্বর সেকশনে ট্রাক্টরের সঙ্গে মুখোমুখি সংঘর্ষ হয় বাইকে থাকা দুই ব্যক্তির। দুর্ঘটনার পরেই ট্রাক্টর চালক পালিয়ে যায় ট্রাক্টর রেখে। পুলিশ বাইকে থাকা দুজনকে জখম অবস্থায় উদ্ধার করে শামুকতলা প্রাথমিক স্বাস্থ্য কেন্দ্রে নিয়ে আসে বুধবার রাতে। চিকিৎসক ধরম বাড়িয়া ( ৬২) কে মৃত বলে ঘোষণা করে এবং অপর ব্যক্তি শচীন বাড়িয়াকে আলিপুরদুয়ার জেলা হাসপাতালে পাঠায় চিকিৎসার জন্য। পুলিশ দুর্ঘটনা গ্রস্ত ট্রাক্টরটিকে আটক করেছে এবং একটি মামলা শুরু করেছে। বৃহস্পতিবার আলিপুরদুয়ার জেলা হাসপাতালে মর্গে ধরম বাড়িয়ার মৃতদেহ ময়নাতদন্ত করে পরিবারের হাতে তুলে দেওয়া হয়।

**হলি ডে হোম বুকিং**

দর্শনীয় ভ্রমণের জায়গা-

**হোটেল :-** তারাপীঠ, দিঘা ,পুরী ।

**বাগান বাড়ি :-** খেজুরি-পূর্ব মেদিনীপুর।

বুকিং এর জন্য যোগাযোগ করুন

"**এই যুগ**" অফিসে।

ফোন নং: **9062867921** ।



# চোলাই মদ বিক্রি বন্ধের দাবিতে ডুয়ার্স কন্যায় বিক্ষোভ আদিবাসী ছাত্র সংগঠনের



সুকুমার রঞ্জন সরকার, এই যুগ, আলিপুরদুয়ার, ৫ ফেব্রুয়ারি : ডুয়ার্সের চা বাগান সহ আদিবাসী অধ্যূষিত এলাকা গুলিতে চোলাই মদ বিক্রি বন্ধের দাবিতে আলিপুরদুয়ার জেলা প্রশাসনের মূখ্য কার্যালয় ডুয়ার্স কন্যার সামনে বিক্ষোভ প্রদর্শন করলো আদিবাসী ছাত্র সংগঠন। জানা গেছে অল ইন্ডিয়া আদিবাসী স্টুডেন্টস এশোসিয়েসনে উদ্যোগে এই কর্মসূচি আয়োজিত হয়। বৃহস্পতিবার এই ছাত্র সংগঠনের উদ্যোগে আলিপুরদুয়ার জেলার বিভিন্ন এলাকার আদিবাসী সম্প্রদায়ের মহিলা পুরূষরা সামিল হন। তারা প্রথমে মিছিল করে শহরের বিভিন্ন রাস্তা পরিক্রমা করেন।পরে ডুয়ার্স কন্যার সামনে জমায়েত হয়ে বিক্ষোভ প্রদর্শন করেন। বিক্ষোভ প্রদর্শন শেষে একটি প্রতিনিধি দল জেলা শাসককে তাদের দাবি জানিয়ে স্মারকলিপি প্রদান করেন। সংগঠনে আলিপুরদুয়ার জেলা কো অর্ডিনেটর গুলশন মিঞ্জ জানান রাজ্যের সমস্ত চা বাগান সহ আদিবাসী অধ্যূষিত এলাকা গুলিতে এই চোলাই মদ পান করে প্রচুর মানুষ মারা গিয়েছেন। তাদের বেশীরভাগ মানুষ আদিবাসী সম্প্রদায়ের। তিনি আরও জানান এই মদ অবৈধভাবে এক শ্রেনীর মানুষ বিভিন্ন উপকরন দিয়ে তৈরি করে চা বাগান ও আদিবাসী অধ্যূষিত এলাকাগুলিতে বিক্রি করছে। কম দামের এই মদ কেউ তিন চার মাস পান করলেই তার মৃত্যু ঘটছে। এই ক্ষতিকারক মদ পরিনত হয়েছে মৃত্যুকে ডেকে আনার উপকরনে। তাদের দাবি এই মদ তৈরি ও বিক্রি বন্ধের ব্যবস্থা নিক প্রশাসন। জেলা প্রশাসন সূত্রে জানানো হয়েছে জেলায় মাদক ও মদের বিরুদ্ধে লাগাতার অভিযান চলছে। আগামীকাল থেকে এই অভিযান আরও জোরদার করা হবে।

# শিলিগুড়ি থেকে চুরি যাওয়া মোটর সাইকেল উদ্ধার উত্তর দিনাজপুরের চোপড়া থেকে ,গ্রেপ্তার এক



নিজস্ব সংবাদদাতা, এই যুগ, শিলিগুড়ি, ৫ ফেব্রুয়ারি : শিলিগুড়ি থেকে চুরি যাওয়া একটি মোটরসাইকেল বুধবার উদ্ধার করলো শিলিগুড়ি পুলিশ কমিশনারেটের মাটিগাড়া থানার পুলিশ। জানা গেছে দুহাজার পঁচিশ সালের অক্টোবর মাসের আট তারিখ মাটিগাড়া থানা এলাকা থেকে একটি মোটরসাইকেল চুরি যায়। মোটরসাইকেল মালিক ঐ দিন মাটিগাড়া থানায় চুরির অভিযোগ দায়ের করেন। পুলিশ চুরির অভিযোগ পেয়ে তদন্ত শুরু করে। বুধবার গোপন সুত্রে খবর পেয়ে মাটিগাড়া থানার পুলিশ উত্তর দিনাজপুর জেলার চোপড়া থানা এলাকায় যায় ও মোটরসাইকেলটি মোহম্মদ শেরিপ নামে এক ব্যক্তির হেফাজত থেকে উদ্ধার করে। ঐ ব্যক্তিকে গ্রেপ্তার করে শিলিগুড়ি নিয়ে আসা হয়। বৃহস্পতিবার ধৃতকে আদালতে পাঠানো হয়েছে। পুলিশ জানিয়েছে সমস্ত প্রক্রিয়া শেষে মোটরসাইকেলটি মালিককে ফেরত দেওয়া হবে।




EI YUG | EDITOR - SUROJIT MALICK | OWNER - SUROJIT MALICK | PUBLISHED BY SUROJIT MALICK FROM BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, PIN-711403,STATE-WEST BENGAL |
PRINTED BY SUROJIT MALICK AT "EI YUG NEWSPAPER PUBLISHING HOUSE",BANKRA DAKSHIN PALLY,P.O-BANKRA,P.S-DOMJUR,DISTRICT-HOWRAH, STATE-WEST BENGAL,PIN-711403 |
CONTACT NO- 9062867921 ,9836753661 | EMAIL- EIYUGNEWSPAPER@GMAIL.COM ,NEWSPAPEREIYUG@GMAIL.COM | RNI : WBBEN/2020/81746 |